“কোন মুসলিম ব্যক্তির জন্যে সঙ্গত নয়, তার কাছে ওয়াসিয়্যাত করার মতো সম্পদ আছে এমতাবস্থায় ওয়াসিয়্যাত লিখিত না রেখে তিন রাত অতিবাহিত করা”

ইবনু ‘উমর রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কোন মুসলিম ব্যক্তির জন্যে সঙ্গত নয়, তার কাছে ওয়াসিয়্যাত
করার মতো সম্পদ আছে এমতাবস্থায় ওয়াসিয়্যাত লিখিত না রেখে তিন রাত অতিবাহিত করা”। ’আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ কথা শোনার পর এক রাতও আমার উপর পার হয়নি যে, আমার ওয়াসিয়্যাত আমার কাছে ছিল না”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে মুসলিমের হক বা অর্থ-সম্পদ সম্পর্কে অসিয়ত করার মত বিষয় রয়েছে, তা যদি সামান্যও হয়, তাহলে তার অসিয়ত লিপিবদ্ধ না করে তিন রাত কাটানো উচিত নয়। আবদুল্লাহ ইবনু ওমর রাদিয়াল্লাহু আনহুমা বলেন: "আমি তাঁর কথা শোনার পর থেকে আমার কাছে আমার অসিয়ত ছাড়া একটি রাতও কাটাইনি।

https://sunnah.global/hadeeth/bn/show/5831